দামুড়হুদায় দুঃস্থ ও অসহায়দের মাঝে অনুদানের চেক প্রদান

দামুড়হুদা উপজেলার দুঃস্থ ও অসহায় উপকারভোগীদের মাঝে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি’র ২০২৩-২৪ অর্থ বছরের ঐচ্ছিক তহবিল হতে বরাদ্দকৃত অনুদানে চেক প্রদান করা হয়।

আজ রবিবার বিকাল ৪ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়জনে পরিষদের সম্মেলন কক্ষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলার ৪৪ জন উপকার ভোগীদের মাঝে চেক বিতরণ করেন এমপি টগর। প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা ২ আসনের সাংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর বলেন, বর্তমান সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দরিদ্র ও অসহায় মানুষদের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ২০২৩-২৪ অর্থ বছরে ঐচ্ছিক তহবিল হতে আজ দুস্থদের মাঝে বরাদ্দকৃত অর্থের চেক বিতরণ করা হচ্ছে। ইচ্ছে করলে এই অর্থ অন্য কাজেও ব্যাবহার করা যেত। কিন্তু জননেত্রী শেখ হাসিনা সব সময় চাই দুস্থ ও অসহায় মানুষের জন্য কাজ করতে। তারই ধারাবাহিকতায় উপজেলার ৪৪ জন অসহায় পরিবারের মাঝে বরাদ্দকৃত ঐচ্ছিক তহবিলের চেক প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ, মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাঃ মোঃ মামুনুর রশীদ সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।